**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৪২.০৬.০০০২.২৪.৩৫৩ তারিখ: ২০ ফাল্গুন, ১৪৩১ / ০৫ মার্চ, ২০২৫

**বিষয়: স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ২৭ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।**

**সূত্র:** স্থানীয় সরকার বিভাগের সমন্বয় ও কাউন্সিল শাখার স্মারক নং:৪৬.০০.০০০০.০৩৮.১৬.০০৪.০২১.২৪-৩১, তারিখ: ০৩ মার্চ, ২০২৫;

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ২৭ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০৭ (সাত) পাতা।

০৫/০৩/২০২৫
খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email: lgzp@lgd.gov.bd

বিতরণ:

১. প্রশাসক, জেলা পরিষদ, ... ... ... ... .....(সকল);
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ... ... ... ... .(সকল)।

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৪২.০৬.০০০২.২৪.৩৫৩/১(৭০) তারিখ: ২০ ফাল্গুন, ১৪৩১ / ০৫ মার্চ, ২০২৫

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।

০৫/০৩/২০২৫
খোন্দকার ফরহাদ আহমদ
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সমন্বয় ও কাউন্সিল শাখা
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৩৮.১৬.০০৪.০২১.২৪-৩১

তারিখ: ১৮ ফাল্গুন ১৪৩১ / ০৩ মার্চ ২০২৫

বিষয়: ফেব্রুয়ারি, ২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।

স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ২৭-০২-২০২৫ তারিখে অনুষ্ঠিত ফেব্রুয়ারি, ২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক অগ্রগতি প্রতিবেদন হার্ডকপি ও সফ্টকপি (M/S Word এ Unicode, Nikosh Font এ) সমন্বয় ও কাউন্সিল শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে এতদ্সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ৬ (ছয়) পৃষ্ঠা

০৩।০৩।২০২৫
মোঃ আব্দুর রহমান
উপসচিব
ফোন: ০২-৫৫১০০৪০৮
ই-মেইল:-councillgd@lgd.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (পমূপ), স্থানীয় সরকার বিভাগ
২। যুগ্মসচিব/পরিচালক (সকল), স্থানীয় সরকার বিভাগ
৩। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ
৪। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ
৫। চিফ একাউন্টস এ্যান্ড ফিন্যান্স অফিসার, স্থানীয় সরকার বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা
৬। হিসাব রক্ষণ কর্মকর্তা/প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ

**দপ্তর/সংস্থা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
২। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মিউনিসিপল ডেভেলপমেন্ট ফান্ড, গ্রামীন ব্যাংক ভবন, মিরপুর-২, ঢাকা
৪। রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ
৫। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, ---------------------------সিটি কর্পোরেশন (সকল)
৭। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/রাজশাহী ওয়াসা/খুলনা ওয়াসা
৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, মশক নিবারণী দপ্তর, ঢাকা

**অনুলিপি:**

১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, নগর ভবন, ঢাকা
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, নগর ভবন, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সমন্বয় ও কাউন্সিল শাখা
www.lgd.gov.bd

**বিষয়: স্থানীয় সরকার বিভাগের ফেব্রুয়ারি, ২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি: জনাব মোঃ নিজাম উদ্দিন
সচিব
স্থানীয় সরকার বিভাগ

তারিখ: ২৭-০২-২০২৫, সকাল ১২:০০ ঘটিকা

স্থান: স্থানীয় সরকার বিভাগের সভাকক্ষ

সভায় কর্মকর্তাগণের উপস্থিতি: পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। স্থানীয় সরকার বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সার্বিক কার্যক্রম, সমস্যা, সংস্কার পরিকল্পনা, মামলা, পদোন্নতির বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

২। অতঃপর বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | <u>বিগত সভার কার্যবিবরণী:</u><br>জানুয়ারি, ২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ় করার জন্য তা ফেব্রুয়ারি, ২০২৫ মাসের সমন্বয় সভায় উপস্থাপন করা হয়। | জানুয়ারি, ২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সম্পর্কে কোন মন্তব্য না থাকায় তা দৃঢ় করা হয়। | সমন্বয় ও কাউন্সিল শাখা |
| ২ | <u>শূন্য পদ পূরণ:</u><br>স্থানীয় সরকার বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থায় সরাসরি নিয়োগের ক্ষেত্রে সময়াবদ্ধ পরিকল্পনা করে দ্রুততম সময়ের মধ্যে বিধি মোতাবেক শূন্যপদ পূরণের কার্যক্রম এবং পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য পদের ক্ষেত্রে গ্রেডেশন তালিকা প্রস্তুত করে পদোন্নতির উদ্যোগ গ্রহণ করার বিষয়ে আলোচনা হয়। এছাড়া সভায় সমন্বয় ও কাউন্সিল শাখা হতে ২৩-১২-২০২৪ তারিখের ২৯১ নম্বর ইউ.ও. নোটের মাধ্যমে এ বিভাগের প্রশাসন-১ শাখাকে এবং সংশ্লিষ্ট অন্যান্য শাখাসমূহের মাধ্যমে দপ্তর/সংস্থাকে শূন্য পদ পূরণের অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | (১) স্থানীয় সরকার বিভাগের সকল ধরণের শূন্যপদে নিয়োগ ও পদোন্নতির কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>(২) স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাকে দ্রুততম সময়ের মধ্যে অনুমোদিত শূন্য পদসমূহ বিধি মোতাবেক পূরণ করতে হবে। | সকল শাখা/ অধিশাখা/অনুবিভাগ এবং সকল দপ্তর/সংস্থা |
| ৩ | <u>মামলাসমূহ:</u><br>সভায় জানানো হয়, স্থানীয় সরকার বিভাগের মামলাসমূহের মধ্যে মহামান্য আপীল বিভাগে যে সকল মামলা নিষ্পত্তি হয়েছে সে সকল মামলার তালিকা প্রস্তুত হয়েছে। নিষ্পত্তি অনুযায়ী | নিয়োগ বিধি, গ্রেডেশন তালিকা ও পদোন্নতি বিষয়ক মামলাসমূহের সার-সংক্ষেপ প্রস্তুত করে Analogous Hearing এর মাধ্যমে সমঝোতার | উন্নয়ন অনুবিভাগ/এলজিইডি/পানি সরবরাহ |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | Review বা Comply করা সংক্রান্ত তথ্য প্রস্তুত করা হয়েছে। কনটেম্পট মামলার সংখ্যা ও সর্বশেষ আদেশ সংক্রান্ত তথ্য প্রস্তুত করা হয়েছে। মামলা সংক্রান্ত তথ্য মাননীয় উপদেষ্টার দপ্তরে নিয়মিত প্রেরণ করা হচ্ছে। প্যানেল আইনজীবীদের সাথে নিয়মিত সভা আয়োজন করা হচ্ছে। এছাড়া এলজিইডি, ডিপিএইচই ও অন্যান্য দপ্তর/সংস্থার নিয়োগবিধি, গ্রেডেশন তালিকা ও পদোন্নতি বিষয়ক মামলাসমূহ একসাথে নিষ্পত্তির বিষয়ে জোর দেয়া হয়। | আলোকে একসাথে নিষ্পত্তির লক্ষ্যে সলিসিটর উইং এ প্রেরণ করতে হবে। | অনুবিভাগ/ডিপিএইচই এবং আইন অধিশাখা |
| ৪ | **যানবাহন ব্যবস্থাপনা সংক্রান্ত:**<br>স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার অকেজো যানবাহনসমূহ অফিস প্রাঙ্গন কিংবা অন্যত্র ফেলে না রেখে যথাশীঘ্র সরকারি বিধি-বিধান প্রতিপালনপূর্বক কনডেম ঘোষণা এবং উন্নয়ন প্রকল্প সমাপ্তির পর যাবাহনসমূহের ডাটাবেইজ প্রস্তুত ও সরকারি পরিবহন পুলে জমা প্রদানের উপর সভায় বিশেষ গুরুত্বারোপ করা হয়। | (১) স্থানীয় সরকার বিভাগের অধীন সকল দপ্তর/সংস্থার পুরাতন এবং অব্যবহৃত গাড়ির তথ্য সংগ্রহ করে গাড়িসমূহ কনডেম ঘোষণা সংক্রান্ত কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>(২) উন্নয়ন প্রকল্প সমাপ্তির পর যাবাহনসমূহের ডাটাবেইজ প্রস্তুত ও সরকারি পরিবহন পুলে জমা প্রদান করতে হবে। | প্রশাসন-১ শাখা/ সকল প্রকল্প পরিচালক/ সকল দপ্তর/সংস্থা |
| ৫ | **অডিট:**<br>স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে অধিকসংখ্যক ত্রিপক্ষীয় ও দ্বিপক্ষীয় সভা এবং প্রশিক্ষণ বিষয়ে আলোচনা হয়। | স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে অধিকসংখ্যাক ত্রিপক্ষীয় ও দ্বিপক্ষীয় সভা আয়েজন করতে হবে। প্রয়োজনে মাঠ পর্যায়ে উপস্থিত হয়ে সভা করতে হবে। | যুগ্মসচিব (অডিট) |
| ৬ | **সাংগঠনিক কাঠামো:**<br>সভায় জানানো হয়, অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগ ও বাস্তবায়ন অনুবিভাগ হতে স্থানীয় সরকার বিভাগের সাংগঠনিক কাঠামো অনুমোদিত হয়েছে। এটি সচিব সভায় প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। | স্থানীয় সরকার বিভাগের সাংগঠনিক কাঠামো চূড়ান্ত করার লক্ষ্যে এটি দ্রুত সচিব সভায় প্রেরণ করতে হবে। | প্রশাসন-১ শাখা |
| ৭ | **অভিযোগ নিষ্পত্তি:**<br>স্থানীয় সরকার বিভাগের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা জানান যে, জানুয়ারি, ২০২৫ মাসে অভিযোগ নিষ্পত্তির হার ৯৪.৮৭%। এ সংক্রান্ত প্রতিবেদন নিয়মিত ওয়েবসাইটে আপলোড করা হয়। | প্রাপ্ত অভিযোগসমূহ গুরুত্ব দিয়ে নিষ্পত্তি করতে হবে এবং অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন প্রতিমাসে ওয়েবসাইটে আপলোড করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ৮ | **ডি-নথি:**<br>ডি-নথির ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে গঠিত কমিটির প্রস্তুতকৃত তালিকা অনুযায়ী ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য নথিসমূহ ডি-নথিতে নিষ্পত্তি করার বিষয়ে সভায় জোর দেয়া হয়। | স্থানীয় সরকার বিভাগের নথিসমূহ ডি-নথিতে নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে। এ লক্ষ্যে সকল কর্মকর্তা/কর্মচারীদের জন্য ডি-নথি সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ)<br>সকল শাখা/ অধিশাখা/ |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | | অনুবিভাগ এবং সকল দপ্তর/সংস্থা |
| ৯ | **প্রশিক্ষণ আয়োজন:** সভায় জানানো হয়, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত অভ্যন্তরীণ প্রশিক্ষণ নীতিমালা, ২০২৩ অনুসরণ করে সকল কর্মকর্তা/কর্মচারীদের জন্য বছরে ৬০ ঘন্টা প্রশিক্ষণ প্রদানের নির্দেশনা আছে। স্থানীয় সরকার বিভাগের প্রশিক্ষণ সূচি অনুযায়ী ইতোপূর্বে বিভিন্ন কারণে প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হয়নি। তবে আসন্ন রমজান মাসের পর উক্ত প্রশিক্ষণ প্রদান করা হবে। অন্যদিকে ইন-হাউজ প্রশিক্ষণের অংশ হিসেবে ১ম, ২য় ও ৩য় ব্যাচের সঞ্জীবনী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। রমজানের পর ৪র্থ ব্যাচের প্রশিক্ষণ প্রদান করা হবে। | জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত অভ্যন্তরীণ প্রশিক্ষণ নীতিমালা, ২০২৩ অনুসরণ করে সকল কর্মকর্তা/কর্মচারীদের জন্য ইন-হাউজ প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। এছাড়া সচিবালয় নির্দেশমালা, ২০২৪ ও পিপিআর-২০০৮ এর মতো গুরুত্বপূর্ণ বিষয়ে নিয়মিত প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | সকল দপ্তর/সংস্থা এবং প্রশাসন-১ শাখা |
| ১০ | **প্রকল্প মনিটরিং, পরিদর্শন ও মূল্যায়ন কার্যক্রম:** নতুন পরিদর্শন 'ছক' অনুমোদিত হয়েছে। অনুমোদিত ছক ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের প্রকল্পসমূহের তথ্য MIS ওয়েবসাইটে ১০০% আপলোড সম্পন্ন করা হয়েছে। | (১) প্রকল্পসমূহের তথ্য MIS ওয়েবসাইটে নিয়মিতভাবে আপলোড সম্পন্ন করতে হবে।<br>(২) জেলা/উপজেলা সফরকালে সংশ্লিষ্ট কর্মকর্তা নির্ধারিত কাজের পাশাপাশি বাস্তবায়নাধীন প্রকল্প পরিদর্শন করবেন এবং এ সম্পর্কিত প্রতিবেদন এ বিভাগে জমা দিবেন। | পরিকল্পনা, মূল্যায়ন ও পরিদর্শন অধিশাখা/সকল প্রকল্প পরিচালক/ আইসিটি সেল |
| ১১ | **জেলা পরিষদের ডাকবাংলো ও অডিটোরিয়াম:** (১) জানুয়ারি, ২০২৫-এর সমন্বয় সভার সিদ্ধান্তের আলোকে সংশ্লিষ্ট উপপরিচালক, স্থানীয় সরকার-কে তাগিদপত্র দেয়া হয়েছিল। উপপরিচালক, স্থানীয় সরকার, ১৯(উনিশ) জেলার জেলা পরিষদের মেরামত অনুপযোগী ও ব্যবহারের অযোগ্য ৬৯টি ডাকবাংলো এবং ১৭টি অডিটোরিয়ামের সার্বিক অবস্থার পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করেন। জেলা পরিষদের কোন ভবন/আসবাবপত্র/অন্যান্য মালামাল (যানবাহন ব্যতীত) ব্যবহারের অনুপযোগী হলে সংশ্লিষ্ট জেলা পরিষদ কনডেমনেশন ঘোষণার জন্য প্রাক্কলন তৈরি করবে। প্রস্তুতকৃত প্রাক্কলন জেলা পরিষদ উন্নয়ন কমিটির সভায় অনুমোদনের পর স্থানীয় সরকার বিভাগের ০৬/১১/২০০৭ খ্রি. তারিখের ২৬৯৭নং স্মারকের পরিপত্র মোতাবেক জেলা প্রশাসকের সভাপতিত্বে ৭(সাত) সদস্য বিশিষ্ট জেলা পরিষদের ব্যবহারের অনুপযোগী ভবনাদি/ আসবাবপত্র/ অন্যান্য মালামাল (যানবাহন ব্যতীত) অকেজো/ পরিত্যক্ত (Condemned) ঘোষণার জন্য কনডেমনেশন কমিটির নিকট প্রেরণ করবে। কনডেমনেশন কমিটি প্রাক্কলনটি পরীক্ষা-নিরীক্ষা এবং | অকেজো ঘোষণাযোগ্য কোন ডাকবাংলো/অডিটোরিয়াম থাকলে তা জেলা Condemnation কমিটির সুপারিশের আলোকে এ বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে। | জেলা পরিষদ শাখা |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | প্রয়োজনবোধে সংশ্লিষ্ট ভবনাদি/ আসবাবপত্র/ অন্যান্য মালামাল সরেজমিনে পরিদর্শনপূর্বক জেলা পরিষদের প্রস্তাব যথাযথ বিবেচিত হলে কনডেমড ঘোষণা করবে। জেলা পরিষদ কনডেমড ঘোষণা সংক্রান্ত কমিটির সিদ্ধান্ত অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করবে।<br><br>উপপরিচালক, স্থানীয় সরকার, ১৯টি জেলা কর্তৃক প্রদানকৃত প্রতিবেদনে মেরামত অনুপযোগী/অযোগ্য ডাকবাংলোর সংখ্যা ৬৯টি এবং মেরামত উপযোগী ডাকবাংলোর সংখ্যা ২৪টি। মেরামত অনুপযোগী/অযোগ্য অডিটোরিয়ামের সংখ্যা ১৭টি এবং মেরামত উপযোগী অডিটোরিয়ামের সংখ্যা ১টি।<br><br>(২) জানুয়ারি, ২০২৫-এর সমন্বয় সভার সিদ্ধান্তের আলোকে সংশ্লিষ্ট প্রধান নির্বাহী কর্মকর্তা-কে তাগিদপত্র দেয়া হয়েছিল। সে পরিপ্রেক্ষিতে ১২টি জেলা পরিষদের মেরামতযোগ্য ২৪টি ডাকবাংলো এবং ১টি অডিটোরিয়াম মেরামত/ নির্মাণের লক্ষ্যে বরাদ্দ প্রদানের অনুরোধ করেছে। | | |
| ১২ | <u>উপদেষ্টা পরিষদ-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন:</u><br>০৬ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে অনুষ্ঠিত উপদেষ্টা পরিষদ-বৈঠকে গৃহীত সিদ্ধান্তের মধ্যে স্থানীয় সরকার বিভাগ সংশ্লিষ্ট নিম্নরূপ:<br><u>সিদ্ধান্ত:</u><br><u>২৪।</u> আসন্ন রমজান মাসে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ ও অত্যাবশ্যকীয় ভোগ্যপণ্যের মজুদদারি/কালোবাজারি রোধকল্পে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর পর্যাপ্ত অভিযান পরিচালনা করিবে। সেইসঙ্গে মাঠপ্রশাসনে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করিতে হইবে। রমজান মাসে নিরবচ্ছিন্ন বিদ্যুত সরবরাহ নিশ্চিতকল্পে বিদ্যুত, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে। স্থানীয় সরকার বিভাগ রমজান মাসে দেশব্যাপী পানীয় জল সরবরাহ ব্যবস্থা নিরুপদ্রব রাখিবে। | সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট শাখা |
| ১৩ | <u>ডেঙ্গু নিয়ন্ত্রণ কার্যক্রম:</u><br><br>সভাকে অবহিত করা হয় যে- গঠিত কমিটি ও টিমের সদস্যগণ সিটি কর্পোরেশন ও পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তাগণের সাথে সমন্বয়পূর্বক ডেঙ্গু উপদ্রুত এলাকা পরিদর্শন এবং ডেঙ্গু রোগ | (১) গঠিত কমিটি ও টিমের সদস্যগণ সিটি কর্পোরেশন ও পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তাগণের সাথে সমন্বয়পূর্বক দৈনিক কমপক্ষে ৩টি ডেঙ্গু উপদ্রুত এলাকা | ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৩টি টিম/ ঢাকা দক্ষিণ সিটি |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | প্রতিরোধ কার্যক্রম মনিটরিং ও তদারকি করছেন। স্থানীয় সরকার বিভাগের তথ্য সংগ্রহ কমিটির নিকট নিয়মিতভাবে ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব মোকাবিলায় গৃহীত পদক্ষেপ এবং অভিযান পরিচালনা সংক্রান্ত সচিত্র প্রতিবেদন দাখিল করছেন। জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব মোকাবিলায় গৃহীত পদক্ষেপ এবং অভিযান পরিচালনা সংক্রান্ত প্রতিবেদন নিয়মিতভাবে ওয়েবসাইট, গণমাধ্যম ও সামাজিক যোগাযোগের মাধ্যমে প্রচার করা হচ্ছে। ডেঙ্গু রোগের সংক্রমণ হতে নাগরিকদের সুরক্ষাকল্পে যথাসময়ে মশক নিধন অভিযান পরিচালনার জন্য মশার ঔষুধ ক্রয় সম্পর্কিত বিষয়ে আলোচনা হয়। | পরিদর্শন করবেন এবং ডেঙ্গু নিয়ন্ত্রণে মশক নিধন ও পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম অনলাইন মনিটরিং ও তদারকি অব্যাহত রাখতে হবে।<br><br>(২) স্থানীয় সরকার বিভাগের তথ্য সংগ্রহ কমিটির নিকট নিয়মিতভাবে ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব মোকাবিলায় গৃহীত পদক্ষেপ এবং অভিযান পরিচালনা সংক্রান্ত সচিত্র প্রতিবেদন নিয়মিতভাবে দাখিল করবেন।<br><br>(৩) জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব মোকাবিলায় গৃহীত পদক্ষেপ এবং অভিযান পরিচালনা সংক্রান্ত প্রতিবেদন নিয়মিতভাবে ওয়েবসাইট, গণমাধ্যম ও সামাজিক যোগাযোগম মাধ্যমে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।<br><br>(৪) ডেঙ্গু রোগের সংক্রমণ হতে নাগরিকদের সুরক্ষাকল্পে যথাসময়ে মশক নিধন অভিযান পরিচালনার জন্য মশার ঔষুধ ক্রয় সম্পর্কিত যাবতীয় কার্যাবলি বর্ষা মৌসুম শুরু হওয়ার পূর্বেই সম্পন্ন করতে হবে এবং পর্যাপ্ত ঔষধ সংরক্ষণ রাখতে হবে। | কর্পোরেশনের ৪টি টিম/ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন, গাজীপুর সিটি কর্পোরেশন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও অন্যান্য সিটি কর্পোরেশনের অনুকূলে গঠিত কমিটি/সাভার, ধামরাই, দোহার, তারাবো, রূপগঞ্জ ও অন্যান্য পৌরসভার অনুকূলে গঠিত কমিটি |
| ১৪ | <u>দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানসমূহ:</u><br>এলজিইডি:<br>নির্বাহী প্রকৌশলী, পিরোজপুর-এর বিরুদ্ধে সরকারি অর্থ আত্মসাৎ, ঠিকাদারের সাথে যোগসাজশ করে দরপত্রের গোপন মূল্য/রেট ফাঁস এবং নির্মাণকাজে নিম্নমানের উপকরণ ব্যবহারসহ নানাবিধ দুর্নীতির তথ্য নিয়ে আলোচনা হয়। এ বিষয়ে এলজিইডি তদন্ত রিপোর্ট দিয়েছেন মর্মে সভাকে অবহিত করা হয়। | (১) বিষয়টি অধিকতর তদন্ত করে রিপোর্ট প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গঠিত কমিটিকে আলাদাভাবে দ্রুততম সময়ের মধ্যে প্রতিবেদন দিতে হবে।<br><br>(২) স্থানীয় সরকারের কার্যক্রম সঠিকভাবে পরিচালনার লক্ষ্যে এলজিইডিকে মাঠপর্যায়ে নিবিড়ভাবে মনিটরিং করতে হবে। | উন্নয়ন অধিশাখা এলজিইডি |
| | <u>জন্ম ও মৃত্যু নিবন্ধন:</u><br>সভায় জানানো হয়, জন্ম ও মৃত্যু নিবন্ধনে অনেক ক্ষেত্রে একই ব্যক্তির দ্বৈত নিবন্ধন পরিলক্ষিত হচ্ছে। দ্বৈত নিবন্ধন পরিহারের বিষয়ে বিশেষ গুরুত্বারোপ করা হয়। | নিরবিচ্ছিন্নভাবে জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন সিটি কর্পোরেশন/পৌর সভা/ইউনিয়ন পরিষদ (সকল) |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | **সিটি কর্পোরেশন:**<br>ঢাকা শহরসহ অন্যান্য সিটি কর্পোরেশন এলাকার শহরে যানজট নিসনের লক্ষ্যে মূল রাস্তার উপর স্থাপিত স্থায়ী/অস্থায়ী দোকানপাটসমূহ অপসারণের লক্ষ্যে নিয়মিত অভিযান পরিচালনা করার বিষয়ে সভায় আলোচনা হয়। এছাড়া শীতলক্ষ্যা নদীর পাড় দিয়ে বাইপাস রাস্তা নির্মাণের লক্ষ্যে সাইট পরিদর্শন করা হয়েছে এবং সমীক্ষা কার্যক্রম চলমান রয়েছে। | (১) ঢাকা শহরসহ অন্যান্য সিটি কর্পোরেশন এলাকার শহরে যানজট নিসনের লক্ষ্যে মূল রাস্তার উপর স্থাপিত স্থায়ী/অস্থায়ী দোকানপাটসমূহ অপসারণের লক্ষ্যে নির্বাহী ম্যাজিস্ট্রেট/আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণ নিয়মিতভাবে অভিযান পরিচালনা করবেন। | সকল সিটি কর্পোরেশন/ সিটি কর্পোরেশন-১ ও ২ শাখা |
| | | (২) ঢাকা শহরে যানজট নিরসনে শীতলক্ষ্যা নদীর পাড় দিয়ে বাইপাস রাস্তা নির্মাণের সমীক্ষা কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | ডিএনসিসি/ ডিএসসিসি/সিটি কর্পোরেশন-১ শাখা |
| ১৫ | **ওয়াসাসমূহ:**<br>সভায় জানানো হয় যে, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা ওয়াসায় কমিটি গঠন করা হয়েছে, যা বোর্ডের সকল ক্ষমতা প্রয়োগ করবে। | ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা ওয়াসা বোর্ড পুনঃগঠনের কার্যক্রম সম্পন্ন করতে হবে। | পানি সরবরাহ অনুবিভাগ এবং ওয়াসাসমূহ |

৩। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ নিজামু উদ্দিন
সচিব
স্থানীয় সরকার বিভাগ